# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

**www.bmeb.gov.bd**

নং বামাশিবো/রিক/আলিম/অনুমতি/নেত্রকোনা-মোহনগঞ্জ-৮৮/ ০৩/২০ তারিখঃ ২৬/ ৬/২০১৬খ্রিঃ।

## অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ১৫-০৬-২০১৬ তারিখের নং ৩৭.০০.০০০০.০৮৫.৮৬.০১৬.১৫.১০৯৩ সংখ্যক স্মারক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদরাসা কর্তৃপক্ষ মুচলেকা জমা দেয়ায় নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন মোহনগঞ্জ দাখিল মাদরাসায় আলিম ১ম বর্ষ (সাধারণ বিভাগ) খোলার প্রাথমিক (পাঠদান) অনুমতি নির্দেশক্রমে নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০১৫ তারিখ হতে ৩০-০৬-২০১৮ তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য দেওয়া হলো। তার মাদরাসার **CODE-19136** ও **EIIN-113828**

**পালনীয় শর্তাবলী ঃ**

১. বিধি মোতাবেক আলিম স্তরের সকল নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করার শর্তে।
২. জনবল কাঠামোর নীতিমালা ও শিক্ষক নিবন্ধন আইন অনুযায়ী শিক্ষক ও কর্মচারী নিয়োগ করতে হবে/ থাকতে হবে।
৩. মন্ত্রণালয় বা অন্য কোন ভাবে দাখিল স্তরের স্বীকৃতি বাতিল অথবা স্থগিত না হওয়া সাপেক্ষে আলিম ১ম বর্ষ খোলার এ অফিস আদেশ জারি করা হলো। মন্ত্রণালয় বা অন্য কোন ভাবে দাখিল স্তরের স্বীকৃতি বাতিল অথবা স্থগিত হয়ে থাকলে আলিম ১ম বর্ষ খোলার এ অফিস আদেশ বাতিল বলে গণ্য হবে।
৪. আলিম স্বীকৃতি পাওয়ার জন্য মাদরাসাকে প্রাথমিক অনুমতির মেয়াদকালে নীতিমালা অনুযায়ী মাদরাসা শিক্ষা বোর্ডের আওতাধীন পাবলিক পরীক্ষায় ছাত্র/ছাত্রীদেরকে অংশ গ্রহণ করাতে হবে এবং পাসের হার নীতিমালা মোতাবেক সন্তোষজনক হতে হবে।
৫. ০৩ (তিন) বছর মেয়াদী প্রাথমিক অনুমতির সময়সীমা শেষ হলে মাদরাসাটি সরেজমিনে পরিদর্শন করে সমাপনী পরীক্ষা ও পাবলিক পরীক্ষার ফলাফল, মাদরাসায় ছাত্র/ছাত্রী ভর্তির হার, শ্রেণীকক্ষে উপস্থিতি ও বার্ষিক পরীক্ষায় অংশ গ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা (শিক্ষা সমাপনী চক্রের হার) প্রভৃতি সন্তোষজনক বিবেচিত হলে মাদরাসাটিকে স্বীকৃতি প্রদানের ব্যবস্থা করা হবে।
৬. শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন, চালুকরণ ও স্বীকৃতি প্রদান সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের নীতিমালা এবং শিক্ষক নিবন্ধন আইন মোতাবেক সকল শর্ত পূরণ থাকতে হবে। অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।
৭. অনুমতি/স্বীকৃতি প্রাপ্তির পরে যে কোন পর্যায়ে প্রযোজ্য শর্তের কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমতি/স্বীকৃতি স্থগিত অথবা প্রত্যাহার করা হবে।
৮. মাদরাসা শিক্ষা বোর্ড থেকে ৩ (তিন) মাসের মধ্যে মাদরাসার গর্ভনিং বডির অনুমোদন নিতে হবে।
৯. মাদরাসা ক্যাম্পাসে কমপক্ষে ২৫০/৫০০ টি বৃক্ষ রোপন,পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।

২৬/৬/১৬

(মোঃ আবুল বাসার)
মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ,
মোহনগঞ্জ আলিম মাদরাসা
পোঃ মোহনগঞ্জ, উপজেলা- মোহনগঞ্জ
জেলাঃ নেত্রকোনা।

নং বামাশিবো/রিক/আলিম/অনুমতি/নেত্রকোনা-মোহনগঞ্জ-৮৮/ ০৩/২০ তারিখঃ ২৬/ ৬/২০১৬খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো।**

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রনালয়, পলাশি-নীলক্ষেত, ঢাকা।
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. জেলা প্রশাসক, নেত্রকোনা।
৭. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
ঢাকা/ময়মনসিংহ/ রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/ সিলেট অঞ্চল।
৮. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোনা।
৯. উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোনা।
১০. সংরক্ষিণ কপি।

(মোঃ হোসেন)
উপ-মাদরাসা পরিদর্শক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।